যুগান্তর

তারিখ ... 31 OCT 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি 'ঘ' ইউনিটের ফল প্রকাশ আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষার ফল আজ প্রকাশ করা হবে। দুপুর ১২টায় ভিসি অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করবেন। রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়, 'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষার ফল সোমবার (আজ) প্রকাশ করা হবে। উল্লেখ্য, গত ২৮ অক্টোবর শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে জানা যাবে।